**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 21-03-2026** **Desk in Charge: S.D.G.**

**Time:- 7-35AM** **Compile : NBR**

**DEO: KB** **NRT: NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ SIR-এ 'বিবেচনাধীন' ভোটারদের অন্তর্ভুক্তি এবং বাদ পড়া সংক্রান্ত আবেদন শুনতে, রাজ্যে বিভিন্ন জেলার জন্য ১৯ টি আপিল ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে।
# সাপ্লিমেন্টারি তালিকা, আগামী সোমবার প্রকাশ হতে পারে।
২/ পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা ভোট অবাধ ও শান্তিপূর্ণ করতে স্বরাষ্ট্র মন্ত্রক, এক হাজার ৯৮০ কোম্পানি বাহিনী এরাজ্যে পাঠাচ্ছে।
৩/ ISF, রাজ্যের ৩৩ টি বিধানসভা আসনে প্রার্থী তালিকা ঘোষণা করেছে।

৪/ RG Kar হাসপাতালের লিফট আটকে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় লিফটম্যান সহ ৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

৫/ আজ ঈদ-উল-ফিতর। # মেঘলা আবহাওয়ায় ঈদে সামিল হয়েছেন মুসলিম সম্প্রদায়ের মানুষেরা।

৬/ রাজ্যে আজ'ও বৃষ্টির পূর্বাভাস। নেমেছে তাপমাত্রা'ও।

*************************************************************************

SIR-এ ‘বিবেচনাধীন’ বা অ্যাজুডিকেশন-এ থাকা ভোটারদের অন্তর্ভুক্তি এবং বাদ পড়া সংক্রান্ত আবেদন শুনতে, রাজ্যে বিভিন্ন জেলার জন্য ১৯ টি আপিল ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। এর দায়িত্ব দেওয়া হয়েছে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি ও বিচারকদের।কমিশনের জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, সুপ্রিম কোর্টের নির্দেশ এবং কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির সুপারিশের ভিত্তিতেই এই ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। আলাদা আলাদা আপিল কর্তৃপক্ষ নিযুক্ত করা হয়েছে রাজ্যের বিভিন্ন জেলায় । বিজ্ঞপ্তির অনুযায়ী, উত্তর ২৪ পরগনা ও কলকাতার জন্য কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমকে দায়িত্ব দেওয়া হয়েছে।

সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশের পর সংশ্লিষ্ট সিদ্ধান্তের বিরুদ্ধে এই ট্রাইব্যুনালগুলিতে আপিল করা যাবে। আবেদন করা যাবে অনলাইন অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের দফতরের মাধ্যমে। আপিল নিষ্পত্তির কাজ শেষ হলেই এই ট্রাইব্যুনালগুলির কার্যকাল শেষ হবে। ভোটের আগে ‘বিবেচনাধীন’ ভোটারের ভবিষ্যৎ নির্ধারণে এই ট্রাইব্যুনাল গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেই মনে করছে প্রশাসনিক মহল।

**********************

পশ্চিমবঙ্গে তথ্যগত অসঙ্গতির কারণে ‘বিবেচনাধীন’ ভোটারদের সাপ্লিমেন্টারি তালিকা আগামী সোমবার প্রকাশিত হতে পারে। গতকাল এই তালিকা প্রকাশিত হওয়ার কথা ছিল। প্রতি শুক্রবার করে ধারাবাহিক ভাবে অতিরিক্ত তালিকা প্রকাশ করা হতে পারে বলে কমিশন সূত্রের খবর। কমিশন সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই রাজ্যের মোট প্রায় ৮০ হাজার ৬৮১টি বুথের মধ্যে ৪০ হাজার বুথের জন্য সাপ্লিমেন্টারি তালিকা প্রস্তুত হয়ে গিয়েছে। তালিকা প্রকাশের পর তা সংশ্লিষ্ট বুথে টাঙিয়ে দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত মোট ৬০ লক্ষ ‘বিবেচনাধীন’ ভোটারের মধ্যে নিষ্পত্তি হয়েছে ২৭ লক্ষ ২৩ হাজারের। বাকি অংশের যাচাই প্রক্রিয়াও দ্রুত গতিতে এগোচ্ছে।

এদিকে, মানিকতলায় তৃণমূল ও বিজেপির সংঘর্ষের ঘটনায় উত্তর কলকাতার জেলা নির্বাচন আধিকারিকের কাছে রিপোর্ট তলব করেছে কমিশন।

**********************

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা ভোট অবাধ ও শান্তিপূর্ণ করতে নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে স্বরাষ্ট্র মন্ত্রক কেন্দ্রীয় বাহিনী, ভিন রাজ্যের সশস্ত্র পুলিশ ও India Reserve Battalion সহ ১ হাজার ৯৮০ কোম্পানি বাহিনী এরাজ্যে পাঠাচ্ছে। ধাপে ধাপে এই বাহিনী আসবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে রাজ্যের মুখ্য সচিবকে পাঠানো এক বার্তায় জানানো হয়েছে। ভোটারদের মনোবল বৃদ্ধি করতে ইতিমধ্যেই চারশো ৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে মোতায়েন রয়েছে। আগামী ৩১ মার্চ, ৭ই এপ্রিল এবং ১০ই এপ্রিল ধাপে ধাপে ৩০০ কোম্পানি করে এবং ১৩ এপ্রিলের মধ্যে আরো ২৭৩ কোম্পানী বাহিনী পৌঁছে যাবে। ১৭ই এপ্রিলের মধ্যে বাকি ৭৪৩ কোম্পানি এরাজ্যে পৌঁছে যাবে বলে ওই বার্তায় জানানো হয়েছে। সব মিলিয়ে এবারের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য মোট দু'হাজার ৪০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হচ্ছে।

**********************

বিজেপি, তৃণমূল কংগ্রেসের নির্বাচনী ইশতেহারের সমালোচনা করেছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী দুয়ারে চিকিৎসার কথা ঘোষণা করলেও রাজ্যে জেলা হাসপাতালে জীবন দায়ী ওষুধ নেই। চিকিৎসা ব্যবস্থার উন্নতির কথা বললেও রাজ্যের মানুষ ক্রমশ দক্ষিণ ভারতে,দিল্লি এমনকি কল্যাণী এইমসে চিকিৎসার জন্য ভিড় করছে। সরকারি হাসপাতালে ন্যায্য মূল্যের ওষুধের দোকানে অত্যন্ত নিম্নমানের ওষুধ পাওয়া যায়। অন্যদিকে মুখ্যমন্ত্রী শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণের কথা বললেও রাজ্যে আট হাজার স্কুল বন্ধ হয়ে রয়েছে। বহু স্কুলে ছাত্র থাকলেও শিক্ষক নেই অথবা শিক্ষক থাকলে ছাত্র নেই। যুবসাথী প্রকল্পকে কটাক্ষ করে রাজ্য সভাপতি বলেন, রাজ্য সরকার শিক্ষিত যুবকদের মাসে দেড় হাজার টাকা করে বেকার ভাতা দিচ্ছে। রাজ্য সভাপতি আরো বলেন, মুখ্যমন্ত্রী যে দশটি পরিকল্পনার কথা ঘোষণা করেছেন সেগুলি শুধুমাত্র কল্পনা হয়েই থাকবে। তবে রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন বিজেপি সরকার ক্ষমতায় আসার কয়েকদিনের মধ্যেই সেই প্রতিশ্রুতিগুলি পূরণ করবে বলেও জানান তিনি।

অন্যদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, নির্বাচনী ইস্তেহারে মুখ্যমন্ত্রী শুধুই মিথ্যে প্রতিশ্রুতি দিয়েছেন।

(বাইট- সুকান্ত)

************************

আসন্ন বিধানসভা নির্বাচনে ISF রাজ্যে ৩৩ টি আসনে প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মালদা, মুর্শিদাবাদ, নদীয়া , দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ও বীরভূম জেলা থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন দলীয় প্রার্থীরা। ফুরফুরাশরিফে দলের কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল এক সাংবাদিক বৈঠকে প্রার্থী তালিকা ঘোষণা করেন দলের কার্যকরী সভাপতি শামসুর আলী মল্লিক। এর মধ্যে উত্তর ২৪ পরগনা জেলায় সর্বাধিক ৮ দক্ষিণ ২৪ পরগনায় ৭ , মুর্শিদাবাদে ৪ টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। এবারও ISF বামফ্রন্টের সহযোগী হিসেবে লড়াই করবে বলে ঘোষনা করেছে তারা।

************************

পূর্ব মেদিনীপুরের ময়না কেন্দ্রের বিজেপি প্রার্থী অশোক দিন্দা, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করার পর কলকাতা পুলিশ কমিশনার জানিয়েছেন, তাদের এক্তিয়ারে নিউমার্কেট থানায় দিন্দার বিরুদ্ধে ফৌজদারি ধারায় একটা অভিযোগ রয়েছে। তবে রাজ্য পুলিশ এখনো অশোক দিন্দার বিরুদ্ধে কতগুলো অভিযোগ রয়েছে সে বিষয়ে কোন তথ্য দেয়নি। রাজ্যের আইনজীবী জানান সোমবার পর্যন্ত সময় দিলে তারাও জানাতে পারবেন। বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন, যেহেতু মনোনয়নের ফর্ম এই মাসের শেষে দেবে কমিশন ফলে আপাতত হাতে এখনো পর্যাপ্ত সময় রয়েছে। ২৫ মার্চ ফের মামলাটি শুনানির জন্য রেখেছেন বিচারপতি। ইতিমধ্যে রাজ্য পুলিশ তথ্য দিয়ে দিলেই সমস্যা মিটে যাবে।

উল্লেখ্য, অশোক দিন্দা পুলিশের কাছে আবেদন জানিয়েছিলেন তার বিরুদ্ধে কোথায় কত অভিযোগ জানতে চেয়ে। কিন্তু পুলিশ সেই তথ্য না দেওয়ায় তিনি হাইকোর্টে মামলা দায়ের করেছিলেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**********************

RG Kar হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারে লিফট আটকে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশ লিফটম্যান সহ ৫ জনকে গ্রেপ্তার হয়েছে। এদের মধ্যে তিনজন লিফ্‌ট ম্যান এবং দু'জন নিরাপত্তা রক্ষী। গতকাল ভোরে দমদমের বাসিন্দা অরূপ বন্দোপাধ্যায় তাঁর শিশুপুত্রের চিকিৎসার জন্য RG Kar হাসপাতালে যান। স্ত্রী ও পুত্র কে নিয়ে লিফটে করে ওপরে যাওয়ার সময় যান্ত্রিক গোলোযোগের জন্য সেটি বারবার ওঠানামা শুরু করে। তখনই লিফট ও দেওয়ালের মাঝখানে আটকে যান অরূপবাবু। বেশ কিছুক্ষণ চিৎকার চেঁচামেচির পর'ও লোহার গ্রিল তালাবন্ধ থাকায়, তাঁরা কেউই বেরোতে পারেন নি। বারবার সাহায্য চাওয়া হলেও, কোন কর্মী বা লিফটম্যান না থাকায় তাঁদের উদ্ধার করা সম্ভব হয়নি। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে, অরূপ বাবুর পাঁজরের সব হাড় ভাঙা এবং কিডনী, লিভার ও হার্ট ফেটে যাওয়ার খবর পাওয়া গেছে।

মৃতের বাবা এই ঘটনায় সরাসরি হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে খুনের অভিযোগ তুলেছেন।

( বাইট- লিফটে মৃতের বাবা )

বিজেপি, এই ঘটনার তীব্র নিন্দা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে এর দায় নিতে হবে।

( বাইট- শুভেন্দু )

**********************

আজ ঈদ-উল-ফিতর। রাতের বৃষ্টি ও সকালের মেঘলা আবহাওয়ার মনোরম পরিবেশে ঈদে সামিল হয়েছেন রাজ্যের মুসলিম সম্প্রদায়ের মানুষেরা। কলকাতার রেড রোড, মালদার ৯ মৌজা  ও মুর্শিদাবাদে ঈদের বিশেষ নামাযে বহু মানুষ অংশগ্রহণ করছেন। আমাদের প্রতিনিধি মামুন ফারুকের একটি প্রতিবেদন-

( ভিসি-ঈদ  মামুন  )

**********************

ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে ঢোকার কারণে রাজ্যের বিভিন্ন জেলায় গতকাল দুপুরের পর থেকেই দফায় দফায় বৃষ্টি হচ্ছে। কলকাতাতেও  সন্ধ্যের পর থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির কারণে এক ধাক্কায় নেমেছে তাপমাত্রা পারদ। আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে প্রায় ১৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম।

এদিকে, আজও বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পুরুলিয়া, হাওড়া, হুগলি, নদিয়া ও মুর্শিদাবাদ জেলায়  ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। দমকা হওয়ার গতিবেগ কোথাও কোথাও ৮০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। ঝোড়ো হওয়ার কারণে মৎস্যজীবীদের আজ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও  আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দার্জিলিং  ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*************************************************************************